



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

আইন বিভাগ

ওয়েবসাইট: www.badc.gov.bd


স্মারক নং-১২.২০৮.০১১.০০.০০.০২৭.২০০৪(খন্ড-২)- ৪৮৬

তারিখ: ০৮ জানুয়ারী, ২০১৭

আইন উপদেষ্টা ও প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাধীনে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সদর দপ্তরের জন্য ০২ (দুই) জন আইন উপদেষ্টা ও ১০ (দশ)জন প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির উদ্দেশ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে:

১. অবসরপ্রাপ্ত জেলা জজ (১১ জানুয়ারী ২০১৭ তারিখে বয়স অনূর্ধ্ব ৬০ বৎসর) অথবা দেওয়ানী আদালতে কমপক্ষে একাধারে ১০ বৎসর আইন ব্যবসা পরিচালনায় (তন্মধ্যে হাইকোর্ট বিভাগে কমপক্ষে সাত বৎসর) অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণ আইন উপদেষ্টা/প্যানেল এ্যাডভোকেট পদে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন। সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলা পরিচালনার জন্য তালিকাভুক্ত আইনজীবীগণকে অগ্রাধিকার দেয়া হবে।
২. আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারী একই সঙ্গে অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
৩. নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টা যোগদানের তারিখ হতে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে 'রিটেইনার ফি' পাবেন। এছাড়া কর্তৃপক্ষের নির্ধারিত ফি গ্রহণে ও শর্তাবলী পালনে সম্মতি সাপেক্ষে তিনি সংস্থার পক্ষে আদালতে মোকদ্দমা পরিচালনা করতে পারবেন।
৪. প্যানেলভুক্ত এ্যাডভোকেটগণ আদালতে বিএডিসি'র পক্ষে মামলা পরিচালনার জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ফী পাবেন।
৫. যে সকল প্রার্থীর সুপ্রীম কোর্ট ক্যাম্পাস / তৎসংলগ্ন এলাকায় নিজস্ব চেম্বার নেই তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৬. আইন উপদেষ্টা ও প্যানেল এ্যাডভোকেট পদে তালিকাভুক্ত হতে আগ্রহী আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, বর্তমান ও চেম্বারের ঠিকানা, শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ইত্যাদি উল্লেখপূর্বক ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সার্টিফিকেটসমূহের অনুলিপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিজস্ব প্যাডে সচিব, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে আবেদন করতে হবে এবং উহা আগামী ২৫ জানুয়ারী ২০১৭ তারিখের মধ্যে সচিব দপ্তরে পৌঁছাতে হবে।
৭. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
৮. অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৯. অত্র নোটিশ বিএডিসি'র ওয়েব সাইট: www.badc.gov.bd ঠিকানায়ও দেখা যাবে।



তুলসী রঞ্জন সাহা

(যুগ্মসচিব)

সচিব

বিএডিসি, ঢাকা।